

## 💵 ইসলামী জীবন-ধারা

বিভাগ/অধ্যায়ঃ মজলিসের আদব রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## পরকীয় কথায় কানাচি পাতা হারাম

লোকেরা কোন গোপন কথা আড়ালে আস্তে বলাবলি করলে অথবা দূরে ফিক্ষিসিয়ে কথা বললে কোন দেওয়াল বা দরজা বা পর্দার আড়াল থেকে কান খাড়া করে কর্ণপাত করা বা তাদের সেই গোপন কথা কান পেতে শোনা বৈধ নয়, যে কথা শোনাতে তারা অপছন্দ করে।

রাসুল (ﷺ) বলেন, "যে ব্যক্তি মিথ্যা স্বপ্ন বর্ণনা করে, যা সে দেখেনি সে ব্যক্তিকে (কিয়ামতের দিন) দু'টি যবের মাঝে জোড়া লাগাতে বাধ্য করা হবে। অথচ সে কখনই তা পারবে না। (যার ফলে তাকে আযাব ভোগ করতে হবে।)

যে ব্যক্তি কোন সম্প্রদায়ের কথা কান পেতে শুনবে অথচ তারা তা অপছন্দ করে সে ব্যক্তির উভয় কানে কিয়ামতের দিন গলিত সীসা ঢালা হবে।

আর যে ব্যক্তি কোন ছবি (বা মূর্তি) তৈরী করবে (কিয়ামতে) তাকে আযাব দেওয়া হবে অথবা ঐ ছবি (বা মূর্তি)তে রূহ ফুঁকতে বাধ্য করা হবে অথচ সে তাতে কখনই সক্ষম হবে না।"[1]

## ফুটনোট

[1]. মুসনাদে আহমাদ আল-মাকতাবাতুশ-শামেলা. হা/ ১৮৬৯, বুখারী তাওহীদ পাবঃ হা/ ৭০৪২, আবূ দাউদ হা/৫০২৪, তিরমিয়ী হা/১৭৫১

• Source — https://www.hadithbd.com/books/link/?id=8051

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন